

প্রজ্ঞাপন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগের ২৭/০১/২০১১ তারিখের ০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-৪৫ নম্বর পরিপত্রের আলোকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম শ্রেণীর কর্মকর্তাদের এবং দশম, একাদশ, দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক নিম্নরূপ কমিটি গঠন করা হলোঃ

(ক) ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম শ্রেণীর কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক কমিটি:

| | | |
|----|--|------------|
| ১. | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা | সদস্য |
| ৫. | যুগ্মসচিব (মৎস্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধিঃ

(১) সংশ্লিষ্ট নিয়োগ বিধির শর্ত পূরণ সাপেক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর অধীনস্থ মৎস্য অধিদপ্তরের ক্যাডারভুক্ত ও ক্যাডার বহির্ভূত ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম শ্রেণীর কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল /সিলেকশনগ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান।

(২) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণীর গেজেটেড পদ কর্ম কমিশনের আওতাভুক্ত বিধায় ২য় হতে ১ম বা ৩য় হতে ১ম শ্রেণীর পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সহকারী কর্ম কমিশনের আওতাভুক্ত। এ জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকবে।

(খ) দশম, একাদশ, দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল /সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক কমিটি:

| | | |
|----|---|------------|
| ১. | যুগ্মসচিব (মৎস্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | উপপরিচালক(প্রশাসন), মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা | সদস্য |
| ৫. | উপসচিব (মৎস্য-১) | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধিঃ

(১) সংশ্লিষ্ট নিয়োগ বিধির শর্ত পূরণ সাপেক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর অধীনস্থ মৎস্য অধিদপ্তরের দশম, একাদশ, দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল /সিলেকশনগ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান।

(২) বাংলাদেশ কর্মকমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণীর গেজেটেড পদ কর্মকমিশনের আওতাভুক্ত বিধায় ২য় হতে ১ম বা ৩য় হতে ১ম শ্রেণীর পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সহকারী কর্মকমিশনের আওতাভুক্ত। এ জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকবে।

(৩) বাংলাদেশ কর্মকমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ এর ৮নং বিধি মোতাবেক একই শ্রেণীতে পদোন্নতির ক্ষেত্রে কর্ম কমিশনের পরামর্শ নিষ্পয়োজন বিধায় দ্বিতীয় শ্রেণীভুক্ত এক পদ হতে অপর পদে পদোন্নতির বিষয় আলোচ্য কমিটির আওতাভুক্ত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত:-০১/০১/২০১৫

(মোঃ সফিকুল ইসলাম)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭২৬২

নং-৩৩.০০.০০০০.১২৬.০৪.০০১.১৪-০৭

তারিখঃ ০১/০১/২০১৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য ভবন, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একামত্ব সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৫। উপপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৬। উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
- ৭। মাননীয় প্রতিমন্ত্রীর মহোদয়ের একামত্ব সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৯। যুগ্ম-সচিব (মৎস্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ১০। অফিস কপি।
- ১১। গার্ড ফাইল।

স্বাক্ষরিত:-০১/০১/২০১৫

(মোঃ সফিকুল ইসলাম)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭২৬২